

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৪১(আগরতলা ১২। ১। ১)

আগরতলা, ১২ নভেম্বর, ২০২২

এশিয়ান ১৬ ও আন্ডার ব্যাস্কিং জুনিয়র টেনিস টুর্ণামেন্টের উদ্বোধন

খেলাধুলা জীবনের স্বপ্ন ও লক্ষ্য পূরণের চ্যালেঞ্জ গ্রহণে সহায়তা করে : রাজ্যপাল

খেলাধুলা জীবনের অবিচ্ছেদ্য অঙ্গ। খেলাধুলা আমাদের মধ্যে প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করে। তাছাড়াও খেলাধুলা জীবনের স্বপ্ন ও লক্ষ্য পূরণের চ্যালেঞ্জ গ্রহণে সহায়তা করে। আজ সন্ধ্যায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু আগরতলা মালঞ্চ নিবাস সংলগ্ন স্টেট টেনিস কমপ্লেক্সে এশিয়ান ১৬ ও আন্ডার ব্যাস্কিং জুনিয়র টেনিস টুর্ণামেন্টের উদ্বোধন করে একথা বলেন। ত্রিপুরা টেনিস অ্যাসোসিয়েশনের উদ্যোগে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতার উদ্বোধন করে রাজ্যপাল শ্রী নাল্লু অংশগ্রহণকারী খেলোয়াড়দের উদ্দেশ্যে বলেন, তারা যেন তাদের স্বপ্ন পূরণে আপ্রাণ চেষ্টা করে। রাজ্যপাল আশা প্রকাশ করেন তারা একদিন বড় ক্রীড়া আসরে আমাদের দেশের প্রতিনিধিত্ব করবে ও আমাদের গর্বিত করবে। এই প্রতিযোগিতার আয়োজন করায় তিনি ত্রিপুরা টেনিস অ্যাসোসিয়েশনকে ধন্যবাদ জানান। পরে তিনি খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। প্রতিযোগিতায় নেপালের খেলোয়াড়রাও অংশ নিয়েছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, ত্রিপুরা টেনিস অ্যাসোসিয়েশনের সভাপতি বিধান রায়, সহ সভাপতি প্রণব চৌধুরী প্রমুখ।
